

# হাতে-কলমে ঘরোয়া সামগ্রী তৈরির প্রশিক্ষণ স্বনির্ভর গোষ্ঠীর মেয়েদের

গৌতম চক্রবর্তী

স্বনির্ভরতার লক্ষ্যে একধাপ এগিয়ে গেলেন সোনারপুরের এক ঝাঁক মহিলা। তাঁদের স্বনির্ভর করার লক্ষ্যে ১০ দিনের হাতে-কলমে বিভিন্ন জিনিস তৈরির প্রশিক্ষণ দিল রাজ্যের কৃষিজ বিপণন দপ্তর। প্রায় ৩০ জন মহিলা এই প্রশিক্ষণ নিয়ে স্বনির্ভর হওয়ার পথে একধাপ এগিয়ে গেলেন। শুক্রবার সোনারপুর সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ে এই শিবির শেষ হয়। গত ১০ দিন ধরে এই প্রশিক্ষণ শিবিরে অংশ নেওয়া মহিলারা হাতে-কলমে বিভিন্ন জিনিস তৈরি করার

পাঠ নেন। সরকারের সংশ্লিষ্ট দপ্তরের পক্ষ থেকে প্রশিক্ষকরা এসে মহিলাদের বিভিন্ন খাবারের জিনিস তৈরি করার কলাকৌশল শিখিয়ে দেন। গত কয়েকদিন ধরেই রাজ্যের কৃষিজ বিপণন দপ্তর এবং সোনারপুর ব্লকের যৌথ উদ্যোগে



সোনারপুরে প্রশিক্ষণ স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের। ছবি: প্রতিবেদক

সোনারপুরের ১১টি গ্রাম পঞ্চায়েতের মহিলাদের নিয়ে এই প্রশিক্ষণ শিবির চলছিল। কর্মশালার উদ্দেশ্যই ছিল যাতে মহিলারা হাতে-কলমে জিনিস তৈরি করা শিখে স্বনির্ভর হওয়ার পথে এগিয়ে যেতে পারেন। এই প্রশিক্ষণের বৈশিষ্ট্য এখানে বাজার থেকে কাঁচা মাল কেনার বিষয় থেকে তা দিয়ে বিভিন্ন জিনিস তৈরি করা এবং তা বাজারজাত করার সব পদ্ধতি শেখানো হয়েছে। প্রতিটি

দপ্তরের আধিকারিকরা এসে মহিলাদের প্রশিক্ষণ নেওয়ার পর তাঁরা কিভাবে এগিয়ে যাবেন তা বুঝিয়ে দেন অংশগ্রহণকারী মহিলাদের। এমনকি তাঁরা কিভাবে ব্যাঙ্ক থেকে ঋণ নিতে পারবেন তারও খুঁটিনাটি বিষয় অংশগ্রহণকারীদের বুঝিয়ে দিয়েছেন ব্যাঙ্কের আধিকারিকরা। সোনারপুরের সমষ্টি উন্নয়ন আধিকারিক সৌরভ ধর্মজানান, এখানে ১০ দিনের একটি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছিল। রাজ্যের কৃষিজ বিপণন দপ্তরের সহযোগিতায় এই প্রশিক্ষণ কর্মশালা হয়েছে। এই কর্মশালায় জ্যাম, জেলি, স্কোয়াস প্রভৃতি ৮ রকমের জিনিস তৈরি করা শেখানো হয়েছে।

বাজার থেকে কাঁচা মাল কিনে তা দিয়ে বিভিন্ন জিনিস তৈরি করে তা প্যাকেটজাত করে বাজারে বিক্রি করে গোট্টা বিষয়টিই প্রশিক্ষণে অংশ নেওয়া মহিলাদের বুঝিয়ে দেওয়া হয়েছে। আসলে 'আনন্দধারা' প্রকল্পে স্বনির্ভর গোষ্ঠীর

মহিলাদের ব্যাঙ্ক থেকে ঋণ দেওয়া হচ্ছে। তাঁরা যাতে ওই টাকা নিয়ে কাজে লাগাতে পারেন তার জন্যই প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছিল। প্রশিক্ষণ শেষে এদিন সবার হাতে শংসাপত্র তুলে দেওয়া হয়েছে। আশা করা হচ্ছে প্রশিক্ষণ প্রাপ্ত মহিলারা এবার নিজেসই এই সব জিনিস তৈরি করে নিজেদের ব্যবসা শুরু করে নিজের পায়ে দাঁড়াতে পারবেন।